

কাফ | Qaf | ق

আয়াতঃ ৫০ : ২৯

আরবি মূল আয়াত:

مَا يُبَدِّلُ الْقَوْلُ لَدَيَّ وَمَا أَنَا بِظَلَّامٍ لِلْعَبِيدِ ﴿٢٩﴾

অনুবাদসমূহ:

‘আমার কাছে কথা রদবদল হয় না, আর আমি বান্দার প্রতি যুলুমকারীও নই’। — আল-বায়ান

আমার কথা কক্ষনো বদলে না, আর আমি আমার বান্দাদের প্রতি যুলুমকারীও নই। — তাইসিরুল

আমার কথার রদ বদল হয়না এবং আমি আমার বান্দাদের প্রতি কোন অবিচার করিনা। — মুজিবুর রহমান

The word will not be changed with Me, and never will I be unjust to the servants." — Sahih International

২৯. আমার কাছে কথা রদবদল হয় না এবং আমি বান্দাদের প্রতি যুলুমকারীও নই।

তাফসীরে জাকারিয়া

(২৯) আমার কথার রদ-বদল হয় না[1] এবং আমি আমার বান্দাদের প্রতি কোন অবিচার করি না।’ [2]

[1] অর্থাৎ, যে সব অঙ্গীকার আমি করেছি, তার বিপরীত কিছুই হবে না, বরং তা সর্বাবস্থায় পূর্ণ হবেই এবং এই নীতি অনুসারে তোমাদের জন্য আমার পক্ষ থেকে শাস্তির ফায়সালা হয়েছে, যাতে কোন পরিবর্তন হতে পারে না।

[2] অর্থাৎ, এ রকম হতেই পারে না যে, বিনা অপরাধে যা তারা করেনি এবং বিনা পাপে যা তাদের দ্বারা সম্পাদিত হয়নি, আমি তাদেরকে শাস্তি দিয়ে দেব। (আর আমি বান্দাদের প্রতি যালেম নই।) ظَلَمَ (বড় যালেম) এখানে ظالِم (যালেম) অর্থে ব্যবহার হয়েছে; যা প্রচলিত কথা হিসাবে বলা হয়েছে। যেমন সাধারণতঃ বলা হয় যে, অমুক ব্যক্তি তার চাকরদের উপর খুব যুলুম কর। অমুক ব্যক্তি বড় যালেম। এ কথাগুলোর উদ্দেশ্য ‘মুবালাগা’ (আধিক্য) প্রমাণ করা হয় না, বরং তার পক্ষ হতে যে যুলুম হয়, তারই প্রকাশ ঘটানো হয়। অথবা উদ্দেশ্য হল نفى (নেতিবাচক বাক্য)-তে ‘মুবালাগা’ (আধিক্য প্রকাশ) করা। অর্থাৎ, আমি বান্দাদের উপর সামান্য পরিমাণও যুলুম করব না।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন